

ঝড়ের কবলে দিল্লিগামী ইন্ডিগো ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 02 June, 2025



ঢাকাঃ ভারতের ছত্তিশগড় থেকে দিল্লিগামী ইন্ডিগোর একটি ফ্লাইট রবিবার (১ জুন) বিকেলে ঝড়ের কবলে পড়ে। দিল্লিতে খুলোঝড়ের সময় অবতরণের মুহুর্তে ফ্লাইটটি ভয়াবহ ঝাঁকুনির সম্মুখীন হয়, এতে যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

সংবাদ সংস্থা জানিয়েছে, দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের ঠিক আগে তীব্র ঝড়ের মুখে পড়ে ফ্লাইটটি। প্রবল ঝাঁকুনির কারণে পাইলট তাৎক্ষণিক সিদ্ধান্ত নিয়ে ফ্লাইটটিকে পুনরায় আকাশে তুলে নেন। কিছুক্ষণ আকাশে ঘোরার পর আবহাওয়া স্বাভাবিক হলে নিরাপদে অবতরণ করানো হয় ফ্লাইটটি।

এ ঘটনায় কেউ হতাহত না হলেও যাত্রীরা চরম আতঙ্কে পড়েন। ফ্লাইটটির ভেতরের দৃশ্যের একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে, যেখানে ঝাঁকুনির সময় পাইলটের সতর্ক ঘোষণাও শোনা যায়।

ভেতরে থাকা যাত্রীরা জানান, ফ্লাইটটি প্রবল ঝাঁকুনিতে দুলাছিলো এবং পাইলট বারবার আবহাওয়ার সতর্কতা জানাচ্ছিলেন। ওই সময় বাতাসের গতিবেগ ছিল ঘণ্টায় প্রায় ৮০ কিলোমিটার।

এদিকে দেড় সপ্তাহ আগে (২১ মে) শিলাবৃষ্টির মধ্যে দিল্লি থেকে শ্রীনগরগামী একটি ফ্লাইটের সামনের অংশ ভেঙে পড়ার ঘটনা ঘটে।

সংবাদ সংস্থা আরও জানায়, এদিন বিকেল ৫টা থেকে সাড়ে ৫টার মধ্যে দিল্লিগামী অন্তত ৪টি ফ্লাইটের রুট পরিবর্তন করতে হয়। ঝড়ের সর্বোচ্চ গতি ছিল ঘণ্টায় প্রায় ৭৬ কিলোমিটার।

